

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা

নং-৪৫.১৬৫.০৩২.১২.০০.০০১.২০১৭-১০

তারিখ: ১৩-০১-২০২০ খ্রি:

বিষয়: হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (এইচএসএম) ওপিৱ ২০১৯-২০২০ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের সংশোধিত প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ প্রশাসনিক অনুমোদন


সূত্র: স্মারক নং-স্বা:অধি:/হাস:/প্রকিউরমেন্ট প্ল্যান ২০১৯-২০/২৬৫৫, তারিখ: ০২-০১-২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (এইচএসএম) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপিৱ ২০১৯-২০২০ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের ৭৩ (তিয়াত্তর) টি প্যাকেজের বিপরীতে প্রণীত ২৮৯৪৩.৩১ লক্ষ (দুইশত ঊননব্বই কোটি তেতাল্লিশ লক্ষ একত্রিশ হাজার) টাকার টাকা প্রাক্কলিত মূল্যের সংশোধিত প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো। একইসাথে ইতোপূর্বে স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.১৬৫.০৩২. ১২.০০.০০১.২০১৭-২৬০, তাং- ২২-০৯-২০১৯ খ্রি: মূলে অনুমোদিত ক্রয় পরিকল্পনা এতদ্বারা বাতিল করা হলো।

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং বিদ্যমান সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজসমূহের ক্ষেত্রে OTM (ICB/NCB) (Open Tendering Method-National /International) অনুসরণ করতে হবে;
- (গ) গাড়ি ক্রয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব সম্মতি গ্রহণ করতে হবে;
- (ঘ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঙ) কোনক্রমেই অনুমোদিত ওপিতে সংস্থানকৃত পণ্য তালিকা ও প্রস্তাবিত মূল্যের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (চ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ছ) পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ১০০ (একশত) কোটি টাকার উর্ধ্বে ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;
- (জ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন;

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৩ (তিন) ফর্দ



(হাসান মাহমুদ)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর

হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা।

অনুলিপি:

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।